

গোলকধাঁধা : -

কোন কিছু স্পষ্ট ভাবে যখন দিকনির্দেশ করে না, তখন যেন মনে হয় পথ হারিয়ে গেছে। আলো আঁধারের গোলকধাঁধায় যারা পড়ে যান তাঁদের উৎসর্গ করে এই গানটি রচনা।

এই পৃথিবীতে আমরা সকলেই নিজেকে সবচেয়ে বুদ্ধিমান ভেবে থাকি , "আমরা সব জানি, আমাদের থেকে অন্য কেউ আরো বেশি জানে",এই কথাটি আমরা মানতে পারি না। এক গোলকধাঁধায় পড়ে গেলে তখন দিশেহারা হয়ে যায়। এটি বোঝানোর জন্য গানটি গাওয়া হয়েছে।

হঠাৎ যেন আমরা_ পড়েছি এক গোলকধাঁধায় _

গোলক গোলক গোলক_ গোলকধাঁধায়

গোলকধাঁধায় পড়েছি আমরা ,

খুঁজে পাইনা কোনও দিশা।

মরুভূমির মরীচিকায়,

পুরায় কি মনের এই তৃষা?

হঠাৎ যেন আমরা_ পড়েছি এক গোলকধাঁধায় _

সমাজের কত নীতি কত সব আজব রীতি

বুঝতেই পারে না যে মন কোনটা সঠিক নীতি

সবটাই বড্ডা যে কঠিন তাওতো মানতে পারে না মন

কেনই বা হচ্ছে মোদের এতো অবনমন ॥

গোলকধাঁধায় পড়েছি আমরা ,

খুঁজে পাইনা কোনও দিশা।

মরুভূমির মরীচিকায়,

পুরায় কি মনের এই তৃষা?

উত্তরে গেলে দক্ষিণ বলে দেখো ওই পথটা যে ভুল
পশ্চিম থেকে পূর্বে গেলে দেখি সেখানেও ওই ফুল
এ এক চক্রবুহ্য যেন শুধু সমঝোতা কেন
সজাগ রয়েছে চোখ, কান তবুও দিকভ্রান্ত যেন ॥

গোলকধাঁধায় পড়েছি আমরা ,
খুঁজে পাইনা কোনও দিশা।
মরুভূমির মরীচিকায়,
পুরায় কি মনের এই তৃষা?

পৃথিবীটা গোলাকার নাকি অন্য রকম
হেথায় আমাদের মাঝে বোঝাপড়া কেন কম
"আমি যে সব জানি না", একথা কেন মানি না?
যারা অনেক বেশি জানেন তাদের কথাই শুনি না

গোলকধাঁধায় পড়েছি আমরা ,
খুঁজে পাইনা কোনও দিশা।
মরুভূমির মরীচিকায়,
পুরায় কি মনের এই তৃষা?
গোলক গোলক গোলক_ গোলকধাঁধায়